

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১০৬/২০১৬

অভিযোগকারী : জনাব আবু ইউনুছ মাসুদ আহম্মদ (রানা)
পিতা:- মৃত. আবু ইছা সাব্বির আহম্মদ
ঠিকানা-দৈনিক সরেজমিন বার্তা
৭৫, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড
মালিবাগ, ঢাকা ।

প্রতিপক্ষ : জনাব নুর কামরুন নাহার
ম্যানেজার (পি.আর)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ (ডিপিডিসি)
আব্দুল গনি রোড, ঢাকা ।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ১৮-০৭-২০১৬ ইং)

অভিযোগকারী ২৮-০১-২০১৬ তারিখে (অভিযোগে উল্লিখিত তথ্য অনুযায়ী) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব নুর কামরুন নাহার, ম্যানেজার (পি.আর) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ (ডিপিডিসি), আব্দুল গনি রোড, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

৩৭/২-এ আজিমপুর রোড (কবরস্থান গেটের বিপরীতে) লালবাগ, ঢাকা (যার মূল দলিল নং-২৬১০-৩২-৩০/১৯৬০ আর এস খতিয়ান নং-৬৮৫ দাগ নং-৭০১৪ ও ৭০১৫ এবং এস এ দাগ নং-৩৮৭৭ মৌজা হাজারীবাগ, থানা-লালবাগ)। জালজালিয়াতি করে ভূয়া ডকুমেন্ট উপস্থাপন করে সুফিয়া সুলতানা কর্তৃক হোল্ডিংটিতে নেওয়া অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার জন্য ব্যবস্থাপনা পরিচালক বরাবর গত ১১-০৩-২০১৫ ইং আবেদন করি। ওই আবেদনের উপর নেওয়া পদক্ষেপসহ তদন্ত রিপোর্টের সত্যায়িত ফটোকপি পেতে চাই।

- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৪-০৩-২০১৬ তারিখে নীহার রঞ্জন সরকার, ডিজিএম (পিআর) ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী (ডিপিডিসি), আব্দুল গনি রোড, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১২-০৪-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ২৫-০৫-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ১৫-০৬-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। ধার্য তারিখে অভিযোগকারী হাজির ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সময়ের আবেদন করে গরহাজির। প্রতিপক্ষ গরহাজির থাকায় ১৮-০৭-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়। অদ্য ১৮-০৭-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী গরহাজির কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।
- ৫। অভিযোগকারী গরহাজির থাকায় তার বক্তব্য পাওয়া যায় নি। তবে প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত তথ্যাদি স্মারক নং: ডিপিডিসি/পিআর/তথ্য প্রাপ্তি/২০১৫/০৯ তারিখ-১৬-০৭-২০১৬ মারফত সরবরাহ করা হয়েছে মর্মে কমিশনকে অবহিত করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন।

পর্যালোচনা

প্রতিপক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি হিসেবে উল্লিখিত ১৬.০৭.২০১৬ তারিখের স্মারকটি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করেন নি। তবে নাসিমা ইয়াসমীন, ম্যানেজার, এইচ আর, ডিপিডিসি কর্তৃক স্বাক্ষরিত উক্ত স্মারকের মাধ্যমে সরবরাহ করা হয়েছে যা তথ্য অধিকার আইন অনুযায়ী যথাযথ হয়নি। তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় জারীকৃত তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর ৪(৫) উপবিধি অনুযায়ী সরবরাহকৃত তথ্যের প্রতি পৃষ্ঠায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রত্যয়ন প্রদানপূর্বক সরবরাহ করতে হবে। যদি চাহিত সংশ্লিষ্ট তথ্য তার নিকট না থাকে তবে তথ্য অধিকার আইনের ১০(৫) উপধারা অনুযায়ী যার কাছে তথ্য রয়েছে তার নিকট থেকে পত্র মাধ্যমে তথ্য সংগ্রহ করে উক্ত তথ্যের প্রতিপৃষ্ঠায় প্রত্যয়নপূর্বক সরবরাহ করতে হবে। এক্ষেত্রে তা প্রতিপালিত না হওয়ায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সতর্ক করা এবং ভবিষ্যতে যথাযথ পদ্ধতি অনুসরণ করার নির্দেশনা দেওয়া প্রয়োজন মর্মে তথ্য কমিশনের নিকট প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করা হলেও যথাযথ পদ্ধতি অনুসরণ না করায়, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনাব নুর কামরুন্নাহা, ম্যানেজার (পি.আর) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ (ডিপিডিসি), আব্দুল গণি রোড, ঢাকা কে সতর্ক করা হলো এবং ভবিষ্যতে যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক দায়িত্ব পালনের জন্য নির্দেশনা দেওয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার